[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ইছামতি নদী থেকে বাংলাদেশী যুবকের লাশ উদ্ধার

ঝিনাইদহের মহেশপুর উপজেলার পলিয়ানপুর সীমান্তের ইছামতি নদী থেকে এক বাংলাদেশী যুবকের লাশ উদ্ধার করেছে পুলিশ।

বুধবার দুপুরে তার লাশ উদ্ধার করা হয়ে। সে মহেশপুরের পলিয়ানপুর গ্রামের সবুর আলীর ছেলে হৃদয় হোসেন।

ঝিনাইদহের কোটচাদপুর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল হক জানান, বুধবার সকালে মহেশপুরের পলিয়ানপুর সীমান্তের ইছামতি নদী থেকে এক বাংলাদেশেী যুবকের লাশ উদ্ধার করা হয়েছে।

সকালে নদীতে স্থানীয়রা ভাসমান লাশ দেখতে পেয়ে পুলিশকে খবর দেয়। পুলিশ ঘটনাস্থলে পৌছে তার লাশ উদ্ধার করে।

মৃত হৃদয় হোসেন অবৈধভাবে ভারত থেকে ইছামতি নদী পার হয়ে বাংলাদেশে প্রবেশ করছিল।

প্রাথমিক ভাবে ধারনা করা হচ্ছে পানিতে ডুবে তার মৃত্যু হয়েছে। তবে ময়নাতদন্ত শেষে মৃত্যুর কারন জানা যাবে বলেও পুলিশ জানায়।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে আলাদা সড়ক দুর্ঘটনায় ৩ জন নিহত

ঝিনাইদহের মহেশপুর ও কালীগঞ্জে আলাদা সড়ক দুর্ঘটনায় স্কুল শিক্ষার্থীসহ ৩ জন নিহত হয়েছে। বুধবার সকালে মহেশপুর উপজেলার বজরাপুর ও কালীগঞ্জ উপজেলার ঘিঘাটি গ্রামে এ দূর্ঘটন ঘটে।

ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার মিলু মিয়া বিশ্বাস জানান, সকালে মহেশপুর উপজেলার বাজরাপুর এলাকায় আলমসাধু ও বিদ্যুতের পোল

বহনকারী ট্রাকের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এসময় ঘটনাস্থলেই কামাল হোসেন নামের একজন মারা যায়।

আহত হয় আরও ৪ জন। সেখানে থেকে আহতদের উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

আহতদের মধ্যে খলিলুর রহমান নামের একজনের শারীরিক অবস্থান অবনতি হলে তাকে যশোর জেনারেল হাসপাতালে পাঠানো হলে পথেই তার মৃত্যু হয়।

এদিকে সকালে কালীগঞ্জ উপজেলার শাহপুর ঘিঘাটি এলাকায় দ্রুতগামী মাইক্রোবাস চাপায় রনি আহম্মেদ নামের এক স্কুল ছাত্র নিহত হয়েছে।

সে শাহপুর ঘিঘাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ শ্রেণীর ছাত্র ছিল।

মেপ্র/ আরপি

কুড়ুলগাছিতে আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছিতে ইউনিয়ন পর্যায়ে আন্ত:প্রাথমিক বিদ্যালয়ের দুইদিন ব্যাপি ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে।

গতকাল বুধবার বিকেল ৩টার দিকে বুইচিতলা সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার তুলে দেন প্রধান অতিথি কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান শাহ মোঃ এনামুল করিম ইনু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী শিক্ষা অফিসার সেলিম রেজা, প্রতিযোগীতা বাস্তবায়ন কমিটির সদস্য সচিব শাহানাজ বেগম। এ সময় উপস্থিত ছিলেন কুড়ুলগাছি সকল ইউপি সদস্যবৃন্দ ও ইউনিয়নের সকল

বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ।

মেপ্র/ইএম

কোটচাঁদপুর-জীবননগর সড়কে লংভেহিকেল-আলমসাধু সংঘর্ষে নিহত ১,আহত ৪

ঝিনাইদহের কোটচাঁদপুর-জীবননগর মহাসড়কে বিদ্যুতের পোল বোঝাই লং ভেহিকেল-আলমসাধু সংঘর্ষে ১ জন নিহত ও ৪ আলমসাধু যাত্রী আহত হয়েছেন। এদের মধ্যে গুরতর আহত দুজনকে যশোর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

বুধবার সকাল ১০ টার দিকে কোটচাঁদপুর-জীবননগর মহাসড়কের বর্জাপুরে এ দূর্ঘটনা ঘটে। এ ঘটনায় ঘাতক লংভেহিকেলের গাড়ী চালক ও হেলপার কে আটক করেছে পুলিশ।

পুলিশসূত্রে জানাযায়, বুধবার সকাল ১০টার দিকে কোটচাঁদপুর থেকে আলমসাধু বোঝাই কয়েকজন দিন মজুর জীবননগর দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে বর্জাপুর নামক স্থানে বিপরীত দিক থেকে আসা পোল বোঝাই একটি লংভেহিকেল গাড়ী আলমসাধু গাড়ীকে সজোরে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই কামাল হোসেন (৩২) নামে এক দিন মজুর নিহত হন। এ ঘটনায় ৪ জন আহত হয়েছে।

স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে ভর্তি করেন। এদের মধ্যে দুজনার অবস্থার অবনতি হলে তাদেরকে যশোর জেনারেল হানসপাতালে রেফার্ড করা হয়।

মহেশপুর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ মোর্শেদ হোসেন খাঁন ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, এঘটনায় ঘাতক গাড়ী এবং চালক ও হেলপারকে আটক করা হয়েছে।

মেপ্র/আরজেএম

আরো পড়ুন –
আর্থ সামাজিক উন্নয়নের অংশিদার হতে চায় গাংনীর সন্ধানী সংস্থা

প্লাস্টিকের বস্তা ব্যবহার ও সংরক্ষনের দায়ে গাংনীতে দু’জনকে জরিমানা।

পাটের বস্তার পরিবর্তে প্লাস্টিকের বস্তা ব্যবহার ও সংরক্ষনের দায়ে দু’জনকে অর্থদন্ড প্রদান করেছে ভ্রাম্যমান আদালতের বিচারক নির্বাহী ম্যজিষ্ট্রেট মোঃ মহিদুল হক ও মাহামুদুল ইসলাম।

রবিবার দুপুর ১২টার দিকে মেহেরপুরের গাংনী উপজেলার জোড়পুকুরিয়া বাজারের বজলু চাতালের মালিক আঃ রাজ্জাকের ছেলে বজলুকে পাটের বস্তার পরিবর্তে প্লাস্টিকের বস্তা বব্যবহারের দায়ে ৫ হাজার টাকা ও একই গ্রামের জাকারিয়ার ছেলে রকিবুল ইসলামকে প্লাস্টিকের বস্তা সংরক্ষনের দায়ে ২ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমান আদালতের বিচারগণ জানান প্লাস্টিক ব্যবহারের বিরুদ্ধে এ অভিযান অব্যাহত থাকবে। এসময় পাট পরিদর্শক মহশীন শিকদার উপস্থিৎ ছিলেন।

মেপ্র/আরজেএম

আরো পড়ুন –ঝিনাইদহে কৃষকের ধান বিক্রির চেক ছিনতাইয়ে বাঁধা দেওয়ার বাড়ী-ঘর ভাংচুর

জোড়পুকুরিয়ায় এসবি পরিবহন নিয়ন্ত্রণ হারিয়ে গাছে ধাক্কা

মেহেরপুরের গাংনী- কুষ্টিয়া সড়কের জোড়পুকুরিয়া বাজারের অদুরে এসবি পরিবহন (ঢাকা মেট্রো-ব-১৪-৬৭৪০) নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লেগে গাড়ির সামনের অংশ দুমড়ে গেছে বলে জানা গেছে।

বুধবার সকাল সাড়ে ৬টার দিকে জোড়পুকুরিয়া বাজারের অদুরে জ্যোতি মাধ্যমিক বিদ্যালয়ের সামনে এ দুর্ঘটনার ঘটনা ঘটে। এতে গাড়ির সুপার ভাইজার জয়নাল ও হেল্পার স্বপন এর মাথায় আঘাত লাগে।

সুপার ভাইজার জয়নাল জানান, গাড়িতে দু’জন যাত্রি ছিল তারা অক্ষত রয়েছে। তবে ড্রাইভার মিলনের চোখে ঘুমের ভাব দেখে তাকে সজাগ রাখতে তার পাশে ইঞ্জিন কভারে বসে কথা বলতে থাকি।

এ সময় জোড়পুকুরের জ্যেতি মাধ্যমিক বিদ্যালয়ের কাছে পৌছেল ড্রাইভার গাড়ির নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা মারে। গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

মেপ্র/ আরপি

গাংনীতে কাম’স সিএফএইচের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

কাম ফর হিউম্যানিটি-সিএফএইচের উদ্যোগে মেহেরপুর জেলাব্যাপী শীতবস্ত্র বিতরণের উদ্বোধন করা হয়।

আজ মঙ্গলবার বেলা ২টার সময় মেহেরপুর জেলার গাংনী উপজেলার চিৎলা ফোরকানিয়া হাফেজিয়া এবতেদায়ী মাদ্রাসা ও এতিমখানার শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র বিতরণের মধ্যদিয়ে সিএফএইচ শীত উৎসব সিজন-২ এর আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার জনাবা দিলারা রহমান।

সংগঠনের সভাপতি মামুন অর রশিদ বিজন এর সভাপতিত্বে শীতবস্ত্র বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সাবেক ইউপি সদস্য শফিউর রহমান, মাদ্রাসার সভাপতি গোলাম আম্বিয়া, মাদ্রাসার শিক্ষক হারুন অর রশিদ, মো: জামান, মো: আনিচুর রহমান।

এসময় সিএফএইচের প্রতিনিধি হিসাবে উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক মুনেম শাহরিয়ার তুরিন, দপ্তর সম্পাদক তানভীর আহমেদ, সাংস্কৃতিক সম্পাদক শাহাবুদ্দিন সাজ্জাদ উদয়, অর্থ সম্পাদক সহরাব হোসেন, সদস্য, সবুজ খান, জারিন তাসনিম রোজা, মাহমুদা রহমান মিম, ইরফানা তাসনুবা অদিতি, আশিকুর ইসলাম, শবনাম শোভা, জাহিদ ইসলাম, মোছা: তাম্মি প্রমুখ।

মেপ্র/ আরপি

মেহেরপুরে জেলা রেজিষ্টার কার্যালয় ঘেরাও

বিনা কারণে বদলি ও অবৈধ নিয়োগ বাতিলের দাবিতে জেলা রেজিষ্টারের কার্যালয় ঘেরাও করেছে নকল নবিসরা।

মঙ্গলবার বিকালে মেহেরপুর জেলার তিন উপজেলার নকল নবিসরা জেলা রেজিস্টারের কার্যলয় ঘেরাও করে বিভিন্ন স্লোগান দিতে থাকে।

এসময় নকল নবিসরা বলেন, জেলা রেজিষ্টার সুখরঞ্জন রায়ের আজ চাকরির শেষ দিন। এই শেষ দিনে আমাদের উপর রাগের বশবর্তি হয়ে বিনা কারণে অন্য উপজেলায় বদলি করে দিয়েছে। সেই বেশ কয়েকজন অপ্রয়োজনীয় ভাবে মেহেরপুর সদর সাব রেজিষ্টারের কার্যালয়ে বদলি করেছে।

নকল নবিস নুর আলম বলেন, অবৈধ নিয়োগের প্রতিবাদে আমরা জেলা রেজিষ্টারের বিরুদ্ধে আমরা মামলা দায়ের করেছিলাম। এ জন্য সে আমাদের উপর প্রতিশোধ নিতে ক্ষমতার অপ্রব্যবহার করেছে।

নকল নবিস রোজিফা খাতুন বলেন, জেলা রেজিষ্টারের কার্যালয়ের অফিস সহকারি ফরিদা ইয়াসমিন, শহিদুল ইসলাম, খায়রুল ইসলামের সহযোগীতায় অবৈধভাবে ৬-৭জন নকল নবিস নিয়োগ করেছিল। এজন্য আমরা নকল নবিশরা তিব্র প্রতিবাদ করেছিলাম।

নকল নবিস লিলুফা ইয়াসমিন বলেন, আমরা ৫১ জন মেহেরপুরে জেলা রেজিষ্টার অফিসে কর্মরত আছি। এর পরও আরও কয়েকজনকে গাংনী ও মুজিবনগর থেকে সদরে বদলি করা হয়েছে। যেখানে নকল নবিসের কোন প্রয়োজন নেই সেখানে সুখরঞ্জন রায় জোর করে বদলি করেছে।

এছাড়াও সাব রেজিষ্টারের অফিস সহকারী আব্দুল ওয়াহেদকে বদলি করা হয়েছে জেলা কার্যালয়ে। আজ তার যোগদান করার কথা। কিন্তু যোগদান করতে এসে দেখে জেলা রেজিষ্টারের কক্ষ তালা বদ্ধ।

জেলা রেজিষ্টার কার্যালয়ের পরিছন্ন কর্মি বলেন, জেলা রেজিষ্টারের আজ চাকরির শেষ দিন। তাই অফিস ছুটির আগেই তিনি চলে গেছেন।

মেহেরপুর সদর সাব রেজিষ্টার শফিকুল ইসলাম বলেন, সদরে নকল নবিস এমনিতেই বেশি। সেখানে অপ্রয়োজনীয়ভাবে অতিরিক্ত নকল নবিস দেওয়া হয়েছে। এছাড়াও কোন রকম ফেয়ারওয়েল ছাড়াই জেলা রেজিষ্টার আজ শেষ দিনে চলে গেছেন।

এ বিষয়ে জেলা রেজিষ্টারের সাথে মোবাইলফোনে যোগাযোগ করার চেষ্টা করা হলে তিনি ফোন রিসিভ করেননি।

জীবননগরে পাঁচটিকে জরিমানা এবং দুটি ইটভাটা বন্ধ

নিয়মনীতি উপেক্ষা করে ইট প্রস্তুত করায় চুয়াডাঙ্গার জীবননগরে পাঁচটি ইটভাটাকে দুই লাখ ৮০ টাকা জরিমানা এবং অনুমোদনহীন দুটি ইটভাটা বন্ধ করে দিয়েছে ভ্রাম্যমাণ আদালতের বিচারক।

মঙ্গলবার দুপুরে জেলা প্রশাসনের এনডিসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সিব্বির আহমেদ জীবননগরের পাঁচটি ভাটায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা

করেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, নিয়মনীতি উপেক্ষা করে ইটভাটা স্থাপন ও ইট প্রস্তুতের দায়ে জীবননগর উপজেলার এএনজেএম ব্রিক্সের মালিক জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলমকে দেড় লাখ, এআরবি ব্রিক্সের মালিক আরিফুজ্জামানকে ২০ হাজার, শাহ ইটভাটার মালিক এসএম শামীমকে ৩০ হাজার, সরকার ইটভাটার মালিক শাকিলুজ্জামানকে ৬০ হাজার এবং এমএআর ব্রিক্সের মালিক আসাদুল হককে ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় অনুমোদন না থাকায় এআরবি ব্রিক্স ও শাহ ইটভাটার কার্যক্রম বন্ধ করে দেয়া হয়।

মেপ্র/ইএম